



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০২৪.১৯.৬৩১

তারিখ: ১৫ পৌষ ১৪২৮

৩০ ডিসেম্বর ২০২১

বিষয়: চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া উপজেলাধীন রাজানগর রানীরহাট ডিগ্রি কলেজের অধ্যক্ষ পীরজাদা এম আহছানুল করিম উক্ত প্রতিষ্ঠানে কর্মরত প্রভাষক জনাব মোঃ রেজাউল করিমকে উচ্চ মাধ্যমিক স্তরের শূন্য পদে পদায়নসহ বন্ধ এমপিও চালুকরণের জন্য আবেদন প্রসঙ্গে।

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০২১.২০০৯(খন্ড-১).১৬৬, তারিখ-২৩/৬/২০১৯খ্রি. মোতাবেক চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া উপজেলাধীন রাজানগর রানীরহাট ডিগ্রি কলেজের অধ্যক্ষ পীরজাদা এম আহছানুল করিম উক্ত প্রতিষ্ঠানে কর্মরত প্রভাষক জনাব মোঃ রেজাউল করিমকে উচ্চ মাধ্যমিক স্তরের শূন্য পদে পদায়নসহ বন্ধ এমপিও চালুকরণের জন্য আবেদন করেছেন।


আবেদনের বর্ণনা: জনাব মোঃ রেজাউল করিম ইনডেক্স নং ৪২৮৭৬৯, অত্র কলেজের ডিগ্রি স্তরের ইংরেজি বিষয়ের প্রভাষক। ২০০৭খ্রি. সালের ডিগ্রি পর্যায়ে ফলাফল বিপর্যয়ের কারণে ২০০৮খ্রি. সালের মে মাস হতে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ডিগ্রি স্তরের অত্র প্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারীদের এমপিও বাতিল করা হয়। প্রতিষ্ঠানের সুষ্ঠু পাঠদানের স্বার্থে তিনি নামমাত্র প্রাতিষ্ঠানিক বেতনে অদ্যাবধি অত্র কলেজে কর্মরত আছেন। অত্র কলেজের উচ্চ মাধ্যমিক স্তরের ইংরেজি বিষয়ের প্রভাষক জনাব মোঃ শফিউল আলম চৌধুরী, ইনডেক্স-৪০৩৭৯৯ গত ১৮ অক্টোবর ২০১৮খ্রি. তারিখে তার বয়স ৬০ বছর পূর্ণ হওয়ায় তিনি স্বাভাবিক নিয়মে অবসরে যান। এমপিও শিটে জনাব মোঃ রেজাউল করিমের নামের পাশে স্টপ পেমেন্ট লেখা রয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের ১২ জুন ২০১৮খ্রি. তারিখের জারিকৃত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ এর ৯(২) ধারা মোতাবেক সুযোগ থাকায় উচ্চ মাধ্যমিক স্তরের শূন্যপদের বিপরীতে ডিগ্রি স্তরে কর্মরত শিক্ষক জনাব মোঃ রেজাউল করিম এর পদায়ন এবং বন্ধ এমপিও চালুকরণের জন্য আবেদন করেন।

চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া উপজেলাধীন রাজানগর রাণীরহাট ডিগ্রি কলেজের শিক্ষক জনাব মোঃ রেজাউল করিম (ইনডেক্স নং-৪২৮৭৬৯) মে/২০০৮ সালে ফলাফল বিপর্যয়ের কারণে স্টপ পেমেন্ট করা হয়। ডিগ্রি স্তরের শিক্ষক জনাব মোঃ রেজাউল করিম (ইনডেক্স নং-৪২৮৭৬৯) স্টপ পেমেন্ট প্রত্যাহার পূর্বক উচ্চ মাধ্যমিক পর্যায়ের শূন্য পদে সমন্বয়ের বিষয়ে মন্ত্রণালয়ের সিদ্ধান্ত কামনা করা হয়।

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০৪.২০২০(অংশ-১).৩২২; তারিখ- ০৪/১১/২০২১খ্রি. মোতাবেক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এর ২০ অনুচ্ছেদ অনুযায়ী শিক্ষক-কর্মচারীর বেতন-ভাতার সরকারি অংশ স্থগিত, বাতিল ও ছাড়করণ সংক্রান্ত গঠিত পুনর্বিবেচনা কমিটির ২২/০৯/২০২১ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ বাস্তবায়নের জন্য অনুরোধ করেন।

উক্ত সভার ০৭ নং অনুচ্ছেদে সুপারিশ: চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া উপজেলাধীন রাজানগর রানীরহাট ডিগ্রি কলেজের ডিগ্রি স্তরে নিয়োগ প্রাপ্ত প্রভাষক জনাব মোঃ রেজাউল করিম একমাত্র ইংরেজি বিষয়ে প্রভাষক হিসেবে কর্মরত থাকায় বিদ্যমান নীতিমালা অনুযায়ী সমন্বয়ের মাধ্যমে উচ্চ মাধ্যমিক স্তরের শূন্য পদে তাঁকে এমপিওভুক্ত করার জন্য সুপারিশ করা হলো।

এমতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০৪.২০২০(অংশ-১).৩২২; তারিখ- ০৪/১১/২০২১খ্রি. মোতাবেক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এর ২০ অনুচ্ছেদ অনুযায়ী শিক্ষক-কর্মচারীর বেতন-ভাতার সরকারি অংশ স্থগিত, বাতিল ও ছাড়করণ সংক্রান্ত গঠিত পুনর্বিবেচনা কমিটির ২২/০৯/২০২১ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৩০-১২-২০২১

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক


অধ্যক্ষ

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০২৪.১৯.৬৩১/১(২)

তারিখ: ১৫ পৌষ ১৪২৮
৩০ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (ভারপ্রাপ্ত), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম
- ২) জনাব মোঃ রেজাউল করিম, প্রভাষক (ইংরেজি), ডিগ্রী স্তর, রাজানগর রানীরহাট ডিগ্রি কলেজ, রাজুনিয়া, চট্টগ্রাম।



৩০-১২-২০২১

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক